

# আমাদেরময়

## টিকা পেতে স্বাস্থ্য মন্ত্রণালয়ে ঢাবির চিঠি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২৪ মে ২০২১ ০০:০০ | আপডেট: ২৩ মে ২০২১ ২৩:১১

# আমাদেরময়

শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের করোনা টিকা প্রয়োগ নিশ্চিত করে দ্রুত সশরীরে শিক্ষা কার্যক্রম শুরু করতে চায় ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। এ জন্য অগ্রাধিকার ভিত্তিতে টিকা পেতে স্বাস্থ্য মন্ত্রণালয়ে ডিও লেটার (অনুরোধপত্র) পাঠানো হয়েছে। গতকাল রবিবার উপাচার্য মো. আখতারুজ্জামানের অফিসিয়াল লেটার প্যাডে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বরাবর এ অনুরোধপত্র পাঠানো হয়।

জানা গেছে, করোনার কারণে দীর্ঘ প্রায় ১৫ মাস ধরে বন্ধ রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। অনলাইনে ক্লাস নেওয়া হলেও বন্ধ রয়েছে পরীক্ষা। ভার্চুয়াল মাধ্যমে সেমিস্টার ফাইনাল পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত হলেও অনেক শিক্ষার্থীর আপত্তি থাকায় সেটি বাস্তবায়ন করা নিয়ে দেখা দিয়েছে সংশয়। এ অবস্থায় শিক্ষার্থীদের ক্ষতি পোষাতে সশরীরে ক্লাস-পরীক্ষা ছাড়া বিকল্প দেখছে না বিশ্ববিদ্যালয় প্রশাসন। তথ্যমতে, অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষকদের টিকাদান কর্মসূচির মধ্যেও ঢাবির প্রায় এক হাজার শিক্ষক করোনা ভ্যাকসিন পায়নি। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ৩ হাজার কর্মকর্তা-কর্মচারী রয়েছেন। তাদেরও টিকা নিশ্চিত করতে চায় কর্তৃপক্ষ। শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের দ্রুত টিকার ব্যবস্থা করতেই স্বাস্থ্য মন্ত্রণালয়কে চিঠি পাঠানো হয়েছে।

এ প্রসঙ্গে জানতে চাইলে ঢাবি উপাচার্য বলেন, এই মুহূর্তে যে অস্বস্তিকর পরিস্থিতি চলছে, তা থেকে বেরিয়ে আসতে হলে ক্যাম্পাস খুলতেই হবে। সরকারের ঘোষণা অনুযায়ী শিক্ষক-শিক্ষার্থীদের ভ্যাকসিন নিশ্চিত করেই ক্যাম্পাস খোলা হবে।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** মোহাম্মদ গোলাম সারওয়ার  
১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

নতুন খবর দেনি ক  
**আমাদেরময়**

